তারিখ ........................
পৃষ্ঠা ......... কলাম .........

তারিখ ....6 APR 2003....
পৃষ্ঠা ....... কলাম .......

যুগান্তর

# এসএসসি পরীক্ষা : শনিবারের চিত্র

যুগান্তর ডেস্ক

শনিবারের এসএসসি পরীক্ষার চালচিত্র তুলে ধরেছেন যুগান্তর প্রতিনিধিরা :

**শরীয়তপুর :** শনিবার ১১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এদের মধ্যে ৬ জন এসএসসি, ৩ জন দাখিল ও ২ জন ভোকেশনাল পরীক্ষার্থী। এছাড়াও শরীয়তপুর সদর কেন্দ্রে দায়িত্বে পালনে অবহেলার জন্য জনৈক শিক্ষককে কিছু সময় বসিয়ে রাখা হয় বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

**গোপালগঞ্জ :** পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১০ জনকে এবং দাখিল পরীক্ষায় ১ জনকে বহিষ্কার করা হয়েছে। এসএসসি পরীক্ষায় মুকসুদপুর উপজেলায় ৩ জন, কাশিয়ানী উপজেলায় ২ জন ও টুঙ্গিপাড়া উপজেলায় ৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। গোপালগঞ্জ আলীয়া মাদ্রাসা কেন্দ্র থেকেও ১ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

**নীলফামারী :** শনিবার নীলফামারীতে ৬১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এর মধ্যে এসএসসি গণিত বিষয়ে ৩৯ জন এবং দাখিল পরীক্ষায় ২২ জন।

**গাইবান্ধা :** শনিবার অসদুপায় অবলম্বনের দায়ে মোট ১১৯ জনকে বহিষ্কার করা হয়েছে। তার মধ্যে ১১টি এসএসসি পরীক্ষা কেন্দ্রে ৯৩ জন, ৫টি দাখিল কেন্দ্রে ২১ জন এবং ২টি এসএসসি ভোকেশনাল কেন্দ্রে ৫ জন বহিষ্কৃত হয়েছে।

**চুনারুঘাট :** দাখিল ও এসএসসি'র অংক পরীক্ষায় শনিবার চুনারুঘাটে ১২ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

**জয়পুরহাট :** শনিবার এসএসসি, দাখিল ও কারিগরির (ভোকেশনাল) গণিত (অংক) পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে জেলার বিভিন্ন কেন্দ্র থেকে একজন শিক্ষকসহ (পরিদর্শক) মোট ৪০ জন পরীক্ষার্থীকে হল থেকে বহিষ্কার করা হয়েছে।

**কুড়িগ্রাম :** শনিবার এসএসসির গণিত পরীক্ষায় কুড়িগ্রাম জেলার ৯টি উপজেলায় [illegible] করার দায়ে ৫৩ জন পরীক্ষার্থী এবং [illegible] শিক্ষক বহিষ্কার [illegible]।

**ঝালকাঠি :** নকলের দায়ে ঝালকাঠি জেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে শনিবার এসএসসির ২১ জন, দাখিলের ২৫ জন ও এসএসসি ভোকেশনালের ১ জনসহ মোট ৪৭ জন পরীক্ষার্থী এবং কর্তব্যে অবহেলার জন্য ২ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

**শিবচর (মাদারীপুর) :** শনিবার শিবচর কেন্দ্রে অনুষ্ঠিত কারিগরি পরীক্ষায় নকলের অভিযোগে চারজন এবং দাখিল পরীক্ষায় একজনকে বহিষ্কার করা হয়েছে।

**সিরাজগঞ্জ :** শনিবার গণিত পরীক্ষায় জেলার ৯ কেন্দ্র ও ২ ভেন্যু থেকে ৮৮ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। ইংরেজি দ্বিতীয়পত্র পরীক্ষার পর থেকে জেলার কেন্দ্রগুলোতে যে সুনসান পরিবেশ বিরাজ করছিল গণিত পরীক্ষায় তার কিছুটা ব্যতিক্রম দেখা যায়।

**নান্দাইল :** ময়মনসিংহের নান্দাইল উপজেলার চারটি উপকেন্দ্রে শনিবার গণিত পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১০ জনকে বহিষ্কার ও ৫ জন পরীক্ষার্থীকে কর্তব্যরত ম্যাজিস্ট্রেট গ্রেফতার করে থানায় সোপর্দ করেন। গ্রেফতারকৃত ৫ পরীক্ষার্থী হচ্ছে– কামাল, মিজান, মানিক, দুলাল ও দেলোয়ার হোসেন।

**কাপাসিয়া (গাজীপুর) :** গত এসএসসি ও দাখিল পরীক্ষায় বিভিন্ন কেন্দ্রে নকল করায় ১১ জনকে বহিষ্কার করা হয়েছে। সিংহশ্রী উচ্চ বিদ্যালয়ে ৮, হাইলজোর ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ে ১ এবং ঘাগুটিয়াচালা উচ্চ বিদ্যালয় থেকে ২ জনকে বহিষ্কার করা হয়েছে।

**গফরগাঁও (ময়মনসিংহ) :** নকলের দায়ে ৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

**চাটমোহর :** উপজেলায় গতকাল অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষার দুটি কেন্দ্রে ৫ জন এবং দাখিল পরীক্ষায় ৪ জন বহিষ্কৃত হয়েছে।

**মুরাদনগর :** ৯ পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে এসএসসি পরীক্ষার হলে ৪ জন এবং দাখিল পরীক্ষায় ৫ জন।

**শাহজাদপুর :** ১৩ এসএসসি পরীক্ষার্থী নকল কাছে রাখার দায়ে বহিষ্কৃত হয়েছে। এ ছাড়া দাখিল পরীক্ষায় ২ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

**সেনবাগ :** শনিবার এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সেনবাগ উপজেলার ৩টি কেন্দ্রে মোট ১৭ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

**মুন্সীগঞ্জ :** ছয় পরীক্ষার্থী এবং এক শিক্ষক বহিষ্কৃত হয়েছেন। বহিষ্কৃতদের মধ্যে লৌহজংয়ে ২, শ্রীনগরে ২, গজারিয়া ১ ও সিরাজদিখানে ১ জন। এ ছাড়া গজারিয়া ভবেরচর কেন্দ্রে একজন শিক্ষক বহিষ্কৃত করা হন।

**রাজশাহী ব্যুরো :** গতকাল শনিবার রাজশাহী জেলার এসএসসির বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে শান্তিপূর্ণভাবে গণিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কোথাও ব্যাপক হারে নকলের কথা শোনা না গেলেও দু'একটি কেন্দ্রে টুকটাক নকল চলেছে। গতকাল দুপুর পৌনে ১২টায় মহানগরীর কোর্ট একাডেমি স্কুলে গিয়ে দেখা গেছে পরীক্ষার রুম নকলমুক্ত থাকলেও পুলিশ ছাত্রছাত্রীদের নকলে সহায়তা করেছে। এই কেন্দ্রে পরীক্ষা হচ্ছে, পুলিশ লাইন স্কুলের ছাত্রছাত্রীদের যাদের অধিকাংশই পুলিশের ছেলেমেয়ে। এখানে পুলিশের দায়িত্ব পালন করছে কনস্টেবল চন্দন। কনস্টেবল চন্দনের ছেলে সবুজ এই কেন্দ্রে পরীক্ষা দিচ্ছে।

**পীরগঞ্জ (রংপুর) :** গতকাল শনিবার এসএসসি পরীক্ষায় নকল সরবরাহ নিয়ে মাদারগঞ্জ কেন্দ্রে পুলিশ ও বহিরাগতদের মাঝে ধাওয়া-পাল্টা ধাওয়া এবং ইটপাটকেল নিক্ষেপের ঘটনা ঘটেছে। তিনটি কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ৪০ জন পরীক্ষার্থী ও ২ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে।

**যশোর :** পরীক্ষার হলে কড়া নিরাপত্তার মধ্যেও শনিবার যশোরের বিভিন্ন কেন্দ্রে নকলের প্রতিযোগিতা চলেছে। তবে হল পরিদর্শকদের তৎপরতার মুখে অনেক পরীক্ষার্থী সুবিধা করতে পারেনি। যশোর বোর্ড জানায়, এসএসসি অংক পরীক্ষায় শনিবার নকলের অভিযোগে বিভিন্ন স্থান থেকে ১৪১ জনকে বহিষ্কার করা হয়েছে।

**কুমিল্লা/লাকসাম :** কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে ৬টি জেলায় গতকাল এসএসসি পরীক্ষার অষ্টম দিনে গণিত আবশ্যিক পরীক্ষায় ১৩২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। কুমিল্লা জেলায় চার ছাত্রসহ দুই শিক্ষককে গ্রেফতার ও অপর এক শিক্ষককে বহিষ্কার করা হয়। কুমিল্লা শহরতলী আমড়াতলী কেন্দ্র থেকে শিমপুর হাই স্কুলের শিক্ষক শাহ আলম মিয়া ও কাপ্তান বাজারের তাজারৌশন হাই স্কুলের শিক্ষক আঃ মতিনকে নকল সরবরাহের অভিযোগে গ্রেফতার করে থানা হাজতে প্রেরণ করা হয়। নকলের অভিযোগে আমড়াতলী হাই স্কুলের ছাত্র কাসেম এমরান পিতা তোতা মিয়া কৃষ্ণপুরকে গ্রেফতার করে হাজতে প্রেরণ করে। জেলার নাঙ্গলকোট উপজেলায় দোসপাড়া হাই স্কুল আসন ব্যবস্থা কেন্দ্রের হল সুপার গোলাম মোস্তফাকে নকলসহ হাতেনাতে ধরে পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ ইউসুফ তাকে ওই পদ থেকে বহিষ্কার করেন। চৌদ্দগ্রামের মিয়াবাজার কেন্দ্র থেকে লোকমান হোসেন, জহিরুল ইসলাম ও সাইফুল নামে তিনজন ছাত্রকে গ্রেফতার করা হয়।

গতকালের পরীক্ষায় কুমিল্লায় ৫১ জন, চাঁদপুরে ৭ জন, ব্রাহ্মণবাড়িয়ায় ১০ জন, নোয়াখালীতে ৪৯ জন, ফেনীতে ১০ জন, লক্ষ্মীপুরে ৫ জন পরীক্ষার্থী বহিষ্কার করা হয়।